

প্রথম আলো

‘সোফিয়াকে সামনে দেখে আমি মুগ্ধ’

মিন্টু হোসেন

০৬ ডিসেম্বর ২০১৭, ১৮:১৯



আপডেট: ০৬ ডিসেম্বর ২০১৭, ১৯:৫৯

আজ বুধবার থেকে রাজধানীতে শুরু হয়েছে ‘ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭’। মেলার বাইরে দর্শনার্থীদের উপচেপড়া ভিড়। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ঢাকা, ৬ ডিসেম্বর। ছবি: আবদুস সালাম ‘অনেক কষ্টে ভিড় ঠেলে সামনাসামনি সোফিয়াকে কথা বলতে দেখেছি আর সোফিয়ার একটি ছবিও তুলতে পেরেছি। তাকে দেখে আমি মুগ্ধ।’ ‘টেক টক উইথ সোফিয়া’ শীর্ষক অনুষ্ঠান থেকে বের হয়ে এভাবেই নিজের প্রতিক্রিয়া জানালেন তরুণ সাজেদুর রহমান।

তিনি বললেন, ‘অনুষ্ঠানে আসার অনেক আগেই নিবন্ধন করে রেখেছিলাম। কিন্তু এখানে কে দেখে নিবন্ধন! ভিড় ঠেলে সামনে যেতে পেরেই খুশি।’

বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আজ বুধবার বেলা আড়াইটায় দিকে হল অব ফেমে ‘টেক টক উইথ সোফিয়া’ নামের একটি বিশেষ অনুষ্ঠান ঘিরে তরুণদের উচ্ছাস ছিল চোখে পড়ার মতো। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকালে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আনুষ্ঠানিকভাবে ডিজিটাল ওয়ার্ল্ডের উদ্বোধন করেন। মেলা চলবে চার দিন—৬ থেকে ৯ ডিসেম্বর সকাল নয়টা থেকে রাত নয়টা পর্যন্ত।

‘ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭’ উদ্বোধনের পর মেলায় ঢাকার জন্য দর্শনার্থীরা হুমড়ি খেয়ে পড়ে। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র,



ঢাকা, ৬ ডিসেম্বর। ছবি: প্রথম আলো ‘টেক টক উইথ সোফিয়া’ অনুষ্ঠানের জন্য অনেকেই আগে থেকে নিবন্ধন করেছিলেন। কিন্তু সোফিয়ার অনুষ্ঠান ঘিরে আগ্রহ বেশি থাকায় প্রচণ্ড ভিড় ছিল। তাই অনেকেই ভেতরে ঢুকতে পারেননি। পরে সোফিয়ার রেকর্ডকৃত কথোপকথন অনুষ্ঠানস্থলে বড় স্ক্রিনে দেখানো হয়। ওই স্ক্রিনের সামনেও ছিল ব্যাপক ভিড়।

‘টেক টক উইথ সোফিয়া’ অনুষ্ঠানে সোফিয়াকে এবং এর নির্মাতাকে প্রশ্ন করেন গ্রে অ্যাডভারটাইজিং বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা অংশীদার সৈয়দ গাউসুল আলম শাওন এবং পরে তাঁর সঙ্গে যোগ দেন তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ।

অনুষ্ঠানে সোফিয়াকে তার পরনে থাকা বাংলাদেশের পোশাক সম্পর্কে ও ডিজিটাল বাংলাদেশের অগ্রগতি সম্পর্কে জিজ্ঞাসা করা হয়।

অনুষ্ঠানে সোফিয়ার নির্মাতা রোবোটিকস সোফিয়ার কারিগরি দিক ও কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে কথা বলেন।

প্রথমেই সঞ্চালক শাওন সোফিয়াকে বাংলাদেশের আসার জন্য অভিনন্দন জানান। জবাবে সোফিয়া বাংলাদেশের সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন, ‘হ্যালো বাংলাদেশ। আই অ্যাম আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্ট ইন্টিগ্রেটেড রোবট সোফিয়া।’

বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের মধ্যে যন্ত্র মানবী সোফিয়া। ঢাকা, ৬ ডিসেম্বর। ছবি: প্রথম আলো শাওন সোফিয়ার কাছে ইংরেজিতে জানতে চান, ‘সোফিয়া আপনি কি জানেন, এখন কোথায় আছেন?’ জবাবে সোফিয়া জানাল, ‘আমি বাংলাদেশে



আছি। এখানে আজ থেকে ডিজিটাল ওয়ার্ল্ড শুরু হয়েছে। আমার সামনে হাজারো তরুণ আমার কথা শোনার জন্য উদ্গ্রীব হয়ে আছেন।’

এবার সঞ্চালক সোফিয়ার পরনের পোশাকের তারিফ করেন। বলেন, ‘সোফিয়া আপনি যে পোশাকটি পরেছেন, তাতে আপনাকে মানিয়েছে বেশ। আপনি কি জানেন, আপনি কী পোশাক পরে আছেন?’

রোবট খানিকটা হেসে বলে, ‘আমি বাংলাদেশের ঐতিহ্যবাহী জামদানির তৈরি পোশাক পরেছি। এই জামদানি মিহি সুতার তৈরি। আরামদায়ক এই পোশাকটি পরে আমারও ভালো লাগছে।’



সোফিয়ার সঙ্গে কথা বলেন (বৌদিক থেকে) গ্নের ব্যবস্থাপনা পরিচালক গাউসুল আলম শাওন, সোফিয়ার নির্মাতা ডেভিড হ্যানসন এবং তথ্য ও যোগাযোগপ্রযুক্তি (আইসিটি) প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ঢাকা, ৬ ডিসেম্বর। ছবি: প্রথম আলোএরপর সোফিয়ার উদ্ভাবক ডেভিড হ্যানসন সোফিয়ার মতো অত্যাধুনিক রোবট তৈরি গল্প বলেন। জানালেন, ছোটবেলা থেকে তিনি রোবট তৈরির স্বপ্ন দেখতেন। তার বিশ্বাস একসময় কৃত্রিম বুদ্ধিমত্তার রোবট মানুষের হয়ে কাজ করবে। তিনি বাংলাদেশিদের উদ্দেশ্য করে বলেন, ‘আপনারা চাইলে সোফিয়ার সফটওয়্যার ব্যবহার করতে পারেন। কেননা এই সফটওয়্যার ওপেন সোর্সে আছে।’

তবে অনুষ্ঠানের ভোগান্তি নিয়ে অনুষ্ঠানে অংশ নিতে আসা তরুণী সুমাইয়া কাজল বলেন, ‘সোফিয়াকে দেখব বলে অনেক কষ্টে ভেতরে ঢুকেছি। তাকে শুধু এক ঝলক দেখতে পেয়েছি। এ ঠেলাঠেলিতে কথা কিছু বুঝতে পারিনি।’

ঘড়ির কাঁটায় সাড়ে চারটা। কথোপকথন শেষ। আজই সোফিয়ার ফিরে যাওয়ার কথা। তবে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের বাইরে তখনো জনস্রোত। অনেকেই ভেতরে ঢোকান চেষ্টা করছেন। আবার যঁারা বের হচ্ছিলেন, তাঁদেরও বেশ বেগ পেতে